

Am. Optiman

দৈনিক ইনকিলাব

তারিখ 28 JUL 1956

পৃষ্ঠা 5/8

087



মঞ্জুরিপ্রাপ্ত স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা প্রসঙ্গে

বিগত ১ম বর্ষ ৩৮ সংখ্যার "দৈনিক ইনকিলাব" পত্রিকায় সম্পাদক সমীপের কলামে প্রকাশিত দেওয়ান আঃ লতিফ জেহাদীর "স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসাকে জাতীয় পে-স্কেলের অন্তর্ভুক্তকরণ" আবেদনের প্রতি আমরা একমত। সংযুক্ত এবতেদায়ী মাদ্রাসার ন্যায় স্বতন্ত্রগুলোতেও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত পাঠ্যসূচী অনুযায়ী লেখাপড়া হয়। এতদ্ব্যতীত শিক্ষা ও অন্যান্য কার্যক্রমের বিষয়ে সংযুক্ত ও স্বতন্ত্রের মধ্যে কোন দিক দিয়েই তফাৎ নেই। কিন্তু অতীব দুঃখের বিষয়, সংযুক্ত এবতেদায়ী মাদ্রাসাগুলো বোর্ড কর্তৃক মঞ্জুরিপ্রাপ্তির সঙ্গে সঙ্গেই জাতীয় পে-স্কেলের অন্তর্ভুক্ত হয়ে গেল অথচ মঞ্জুরিপ্রাপ্ত স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসাগুলো আজও জাতীয় পে-স্কেলের আওতায় এলো না। অবিলম্বে বোর্ড কর্তৃক মঞ্জুরিপ্রাপ্ত স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসাগুলোকে সংযুক্ত এবতেদায়ী মাদ্রাসাসমূহের ন্যায় জাতীয় পে-স্কেলের আওতায় না আনা হলে শিক্ষক, অভিভাবক ও জনগণের বিপুল আশা-আকাঙ্ক্ষার মাঝে নিরাশ ও হতাশার ছায়া নেমে আসবে। ফলে, শিক্ষাজনের শিক্ষাগত পরিবেশে দারুণভাবে বিঘ্ন ঘটবে বলে আমাদের ধারণা।

অতএব, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক মঞ্জুরিপ্রাপ্ত সকল স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসাকে আশু জাতীয় পে-স্কেলের অন্তর্ভুক্ত করে বাজেটে ঘোষিত "প্রাথমিক শিক্ষা বিস্তার" প্রকল্প বাস্তবায়নের জন্য সরকারের শুব দৃষ্টি আকর্ষণ করছি।

—এ, বি, এম, মহিউদ্দীন
সম্পাদক

দারুস সালাম মাদ্রাসা(এবতেদায়ী)
কৈড়াগাছী, সাতক্ষীরা।